

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
নাটোর শাখা, ডাকঘর, থানা ও জেলা- নাটোর**

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঝণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ কামরুল হাসান, পিতা- মৃত আবুল হাসান, ঠিকানা- বাসা নং- ৫৫৫, কানাইখালী, পোঃ নাটোর-৬৪০০, থানা- নাটোর সদর, জেলা- নাটোর কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নাটোর শাখা হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত ভূমি ও তদুপরিস্থিত স্থাপনা রেজিস্ট্রি কৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রি কৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ডগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ২৩-০১-২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী খণ্ড বাবদ ব্যাংকের পাওনা মোট ৯,২১,৩৮১.০৬ (নয় লক্ষ একশ হাজার তিনশত একশি টাকা ছয় পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত ভূমি ও তদুপরিস্থিত স্থাপনা যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-নাটোর, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- নাটোর, মৌজা-নাটোর, জে. এল. নং-সাবেক ২০৪ হালে ১৫১, খতিয়ান নং- এস-১৩৭১, আর.এস-১৮৩২, প্রস্তাবিত- ২০৩৮, দাগ নং-এস.এ.- ২৪৯২, ২৪৯৩, আর.এস-৪১০২, জমির পরিমাণ ৯ (নয়) শতাংশ ও তদুপরিস্থিত স্থাপনাদি।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ০৪/০৪/২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নাটোর শাখায় রাখ্তি বাবে সরাসরি অথবা রেজিস্ট্রি কৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৮.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রাদাতাকে উদ্ভৃত দর এর ২০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নাটোর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াণ্ড হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাদাতার জামানত বাজেয়াণ্ড হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাণ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বসংস্থ প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব, দখল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নাটোর শাখা, নাটোর।